গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lmap.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৯২.১২.০২৪.২২-১১৭৮

তারিখঃ ২০ আশ্বিন ১৪৩২
০৫ অক্টোবর ২০২৫

**বিষয়ঃ ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আওতায় ইউএনডিপি বাংলাদেশ কর্তৃক তথ্য সন্নিবেশ ও সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে হবিগঞ্জ জেলায় প্রতি ইউনিয়ন ভূমি অফিসের আওতায় ২-দিন ব্যাপী ৩টি ক্যাম্প পরিচালনার জন্য প্রচারণা কার্যক্রম পরিচালনা ও প্রশাসনিক সহায়তা প্রদান প্রসঙ্গে**

সূত্র : (১) প্রকল্প অফিসের স্মারক নংঃ ৩১.০০.০০০০.০৯২.০৫৪.০১.২৫.৯০১; তারিখঃ ২৭ জুলাই ২০২৫
(২) প্রকল্প অফিসের স্মারক নংঃ ৩১.০০.০০০০.০৯২.০২.০০৫.২৪-৯৮৮; তারিখঃ ২০ আগস্ট ২০২৫
(৩) ইউএনডিপি স্মারক নংঃ UNDP-LDD8IG/MoL/LMAP/২০২৫/০৫৪; তারিখঃ ৩ অক্টোবর ২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারাদেশে ভূমি সেবা প্রত্যাশীদের উন্নততর ও সুষম সেবা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের মাধ্যমে ইন্টিগ্রেটেড ও অটোমেটেড ভূমি সেবা সফটওয়্যার (land.gov.bd) ডেভেলপ করা হয়েছে। নাগরিকগণকে ভূমি সেবা নিশ্চিত করতে এ সফটওয়্যারে ভূমির সর্বশেষ জরিপের খতিয়ান ও উক্ত খতিয়ানের ভিত্তিতে সৃজিত নামজারী খতিয়ানসমূহ এবং সংশ্লিষ্ট হোল্ডিংসহ নাগরিক নিবন্ধনের তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রি করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

২। উপরোক্ত কর্মপরিকল্পনার ধারাবাহিকতায় প্রাথমিক পর্যায়ে পাইলটিং আকারে ৮ বিভাগের ৮টি জেলার (চুয়াডাঙ্গা, ঝালকাঠি, শেরপুর, ফেনী, জয়পুরহাট, রাজবাড়ী, গাইবান্ধা ও হবিগঞ্জ) ভূমি ডাটাসমূহ শতভাগ ও নির্ভুলভাবে এন্ট্রি করার লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প এবং ইউএনডিপি, বাংলাদেশ এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আলোকে ইউএনডিপি, বাংলাদেশ নির্ধারিত মৌজাসমূহের সর্বশেষ জরিপের রেকর্ডীয় ও নামজারি খতিয়ান, রেজি-২ এর সংশ্লিষ্ট হোল্ডিং এর তথ্য যাচাই, সংশোধন/ এন্ট্রি করবে। এছাড়াও তারা সফটওয়্যার সিস্টেমের সাথে ভূমি মালিকগণকে সম্পৃক্ত করতে ইউনিয়ন পর্যায়ে ক্যাম্প স্থাপনের মাধ্যমে ক্যাম্পে আগত ভূমি মালিকদের জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সংগ্রহপূর্বক তা সফটওয়্যার সিস্টেমে এন্ট্রি করবে এবং ভূমি মালিকগণকে ভূমি সেবা সফটওয়্যারে রেজিস্ট্রেশন ও প্রোফাইল তৈরিতে সহায়তা করবে। এজন্য প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসের আওতায় ২-দিন ব্যাপী ৩টি ক্যাম্প স্থাপন করা হবে (বৃহস্পতি ও শুক্রবার ২টি ক্যাম্প এবং শনিবার ও রবিবার ১টি ক্যাম্প পরিচালিত হবে)।

৩। এরই ধারাবাহিকতায় হবিগঞ্জ জেলার উপজেলাসমূহের সকল পৌর/ইউনিয়ন ভিত্তিক ভূমি অফিসসমূহে সকাল ৯:০০- বিকাল ৫:০০ নিম্নোক্তভাবে ক্যাম্প স্থাপন করার পরিকল্পনা করা হয়েছেঃ (এতদসাথে সংযুক্ত)

| ক্রম | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্পের স্থান | ক্যাম্প স্থাপনের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক্যাম্প-১ | ক্যাম্প-২ | ক্যাম্প-৩ |
| ১. | হবিগঞ্জ সদর | পৌর ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ টাউন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-২ কৃষ্ণধন সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-৩ তেহরিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয় | ০৯-১০ অক্টোবর ২০২৫ (বৃহস্পতিবার ও শুক্রবার) | | ১১-১২ অক্টোবর ২০২৫ (শনিবার ও রবিবার) |
| ২. | | গোপায়া ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়,<br>ক্যাম্প-২ লস্করপুর ইউনিয়ন পরিষদ | | | |

| ক্রম | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্পের স্থান | ক্যাম্প স্থাপনের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক্যাম্প-১ | ক্যাম্প-২ | ক্যাম্প-৩ |
| | | | কার্যালয়<br>ক্যাম্প-৩ পইল ইউনিয়ন পরিষদ কার্যালয় | | | |
| ৩. | | লুকড়া ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ রিচি সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-২ লুকড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়<br>ক্যাম্প-৩ রাজিউরা ইউনিয়ন পরিষদ কার্যালয়, | | | |
| ৪. | | আদাঐর ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ গোপালপুর সরকারী প্রাথমকি বিদ্যালয়<br>ক্যাম্প-২ মৌজপুর সরকারী প্রাথমকি বিদ্যালয়<br>ক্যাম্প-৩ আদাঐর সরকারী প্রাথমকি বিদ্যালয় | | | |
| ৫. | | মনতলা ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ ৩ নং বহরা ইউনিয়ন পরিষদ<br>ক্যাম্প-২ ২নং চৌমুহনী ইউনিয়ন পরিষদ<br>ক্যাম্প-৩ ১ নং ধর্মঘর ইউনিয়ন পরিষদ | | | |
| ৬. | | মাধবপুর সদর ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ শাহজাহানপুর ইউনিয়ন পরিষদ<br>ক্যাম্প-২ আন্দউড়া ইউনিয়ন পরিষদ<br>ক্যাম্প-৩ বুল্লা ইউনিয়ন পরিষদ | ১৬-১৭ অক্টোবর ২০২৫ (বৃহস্পতিবার ও শুক্রবার) | | ১৮-১৯ অক্টোবর ২০২৫ (শনিবার ও রবিবার) |
| ৭. | মাধবপুর | নোয়াপাড়া ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ জগদীশপুর উচ্চ বিদ্যালয়<br>ক্যাম্প-২ ছাতিয়াইন বশ্বিনাথ উচ্চ বিদ্যালয়<br>ক্যাম্প-৩ খড়কী সরকারী প্রাথমকি বিদ্যালয় | | | |
| ৮. | | কালিকাপুর ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ হরিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-২ পীয়াইম সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-৩ কালিকাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় | | | |
| ৯. | শায়েস্তাগঞ্জ | শায়েস্তাগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ ৮ নং শায়েস্তাগঞ্জ ইউনিয়ন পরিষদ, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ<br>ক্যাম্প-২ নিশাপট সরকারি প্রাথমিক বিদ্যালয়, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ<br>ক্যাম্প-৩ হামুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় | ১৬-১৭ অক্টোবর ২০২৫ (বৃহস্পতিবার ও শুক্রবার) | | ১৮-১৯ অক্টোবর ২০২৫ (শনিবার ও রবিবার) |

| ক্রম | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্পের স্থান | ক্যাম্প স্থাপনের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ক্যাম্প-১ | ক্যাম্প-২ | ক্যাম্প-৩ |
| ১০. | | রাজিউরা ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ মুজাহের উচ্চ বিদ্যালয়, বামৈ<br>ক্যাম্প-২ ব্রাহ্মণডোরা ১১ নং ইউনিয়ন পরিষদ কার্যালয়, বামৈ<br>ক্যাম্প-৩ নুরপুর উচ্চ বিদ্যালয়, বামৈ | | | |
| ১১. | লাখাই | বামৈ ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ বামৈ সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-২ মোড়াকুড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-৩ লাখাই সরকারি প্রাথমিক বিদ্যালয় | ০৯-১০ অক্টোবর ২০২৫ (বৃহস্পতিবার ও শুক্রবার) | | ১১-১২ অক্টোবর ২০২৫ (শনিবার ও রবিবার) |
| ১২. | | বুল্লা ইউনিয়ন ভূমি অফিস | ক্যাম্প-১ বুল্লা ইউনিয়ন পরিষদ<br>ক্যাম্প-২ মাদনা সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>ক্যাম্প-৩ ভরগাঁও সরকারি প্রথমিক বিদ্যালয় | | | |

৪। প্রকল্প অফিসের সিদ্ধান্ত মতে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন ৩টি উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান যেখানে বিদ্যুৎ সংযোগ ও ভাল অবকাঠামো রয়েছে তা নির্বাচন করবেন এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের আওতাভুক্ত জনসমাগমপূর্ণ ৩টি স্থানে ২-দিনব্যাপী ক্যাম্পের তারিখ ও স্থান সম্পর্কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করবেন।

৫। ভূমি মালিকগণকে ক্যাম্পে আসার জন্য উদ্বুদ্ধ করতে ইউনিয়ন ভূমি অফিস অধিক্ষেত্র এলাকায় ক্যাম্প পূর্ববর্তী প্রচারণা কার্যক্রম যেমনঃ ২-৩ দিনব্যাপী মাইকিং, লিফলেট বিতরণ, এসএমএস, মসজিদ ও ধর্মীয় উপাসনালয়ে প্রচার, ক্যাবল টিভি স্ক্রিন স্ক্রলিং, জনসংযোগ, প্রমোশনাল ভিডিও ইত্যাদি গ্রহণ করতে হবে। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প হতে প্রচারণা কার্যক্রম সংক্রান্ত বরাদ্দ ইতোমধ্যে সূত্রস্থ ২ নং স্মারকে তাঁর বরাবর প্রেরণ করা হয়েছে।

৬। এমতাবস্থায়, উল্লেখিত তারিখে ক্যাম্পসমূহ পরিচালনার জন্য ক্যাম্পের স্থান নির্ধারণ পূর্বক ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনা করা ও এ বিষয়ে ইউএনডিপি-কে সার্বিক সহায়তা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) এবং সহকারী ভূমি কর্মকর্তা/ উপ-সহকারী ভূমি কর্মকর্তা গণকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

০৫ অক্টোবর ২০২৫

মো: পারভেজ হাসান বিপিএএ
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২২২৩-৩১৪৬১৯ (অফিস)
pdlandautomation@gmail.com

জেলা প্রশাসক
হবিগঞ্জ

**অনুলিপি (সদয় অবগতি কার্যার্থে/ জ্ঞাতার্থে; জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় কমিশনার, সিলেট
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/ডিকেএমপি), ভূমি মন্ত্রণালয়
৩। উপ-প্রকল্প পরিচালক (আইসিটি/ বাস্তবায়ন), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), হবিগঞ্জ
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ
৬। সহকারী কমিশনার (ভূমি) (সকল), হবিগঞ্জ